NAHWA EDITIONS · NE-003

নফসের অজুহাত

নিজেকে বোঝানোর দশটি পরিচিত বাক্য—আর সেগুলোর আড়ালে লুকিয়ে থাকা আত্মপ্রবঞ্চনাকে চিনে নেওয়ার একটি reflective guide.

A5 PRINT-FRIENDLY

v1.0 · First Edition
First release · 22 Oct 2026

EDITION & SOURCE

নফসের অজুহাত

মূল ওয়েব পাণ্ডুলিপি থেকে সংরক্ষিত প্রকাশনা প্রার্থী। দশটি অধ্যায়ের লেখক-লেখা, উদ্ধৃতি, তথ্যসূত্র ও পৃথক editorial/context notes অক্ষত রাখা হয়েছে।

EDITION

v1.0 · First Edition

BOOK ID

NE-003

STRUCTURE

১০টি অধ্যায়

SOURCE

Nahwa Ad-Deen · ৩০ সেপ্টেম্বর ২০২৬

Source-preserving First Edition. The ten source chapters and the recorded context notes are retained. No independent scholar endorsement is claimed.

লেখা ও সম্পাদকীয় নোট

কুরআন ও হাদিসের বাংলা ভাষ্যকে মূল audit অনুযায়ী অর্থভিত্তিক উপস্থাপন হিসেবে রাখা হয়েছে। Reference/context audit v2-এর নথিভুক্ত প্রেক্ষাপট-নোটগুলো লেখকের মূল আলোচনা থেকে দৃশ্যত পৃথক।

First Edition v1.0 · 22 Oct 2026. Website edition is canonical/latest. Substantive corrections will receive a visible revision note and version update.

CONTENTS · NE-003

দশটি পরিচিত অজুহাত

0□	“কাল থেকে বদলাব...”	□
0□	“সবাই তো করে...”	□□
0□	“এটা তো ছোট গুনাহ...”	□□
0□	“আল্লাহ তো ক্ষমাশীল...”	□□
0□	“আমি তো কারও ক্ষতি করছি না”	□□
0□	“নিয়ত তো ভালো”	□□
0□	“সময়ই পাই না...”	□□
0□	সবাই তো করছে...	□□
0□	মানুষ কী বলবে?	□□
□□	“ঈমান তো হৃদয়ে আছে...”	□□

HOW TO READ

এই বইটি কীভাবে পড়বেন

প্রতিটি অধ্যায়ে একটি অজুহাত আছে। পড়ার সময় অন্য কারও কথা ভাবার আগে নিজের ভেতরে বাক্যটি কোথায় ব্যবহার করি সেটা খুঁজুন। তারপর একটি ছোট corrective action বেছে নিন—আজই, যতটা বাস্তবভাবে সম্ভব।

“কাল থেকে বদলাব...”

আমাদের অনেকের জীবনেই একটা খুব পরিচিত বাক্য আছে।

“কাল থেকে নামাজটা নিয়মিত করব...”
“কাল থেকে কুরআন পড়া শুরু করব...”
“কাল থেকে এই গুনাহটা ছাড়ব...”
“কাল থেকে ফজরে উঠব...”
“কাল থেকে বদলে যাব...”

শুনতে harmless লাগে।
কারও সঙ্গে ঝগড়া নেই, কোনো কুফরি কথা নয়, প্রকাশ্য বিদ্রোহও নয়। বরং বাক্যটা দেখে মনে হয়—মানুষটা ভালোই তো, দ্বীনের কথা ভাবছে, বদলাতেও চায়।

কিন্তু সমস্যাটা এখানেই।

শয়তান অনেক সময় মানুষকে সরাসরি “দ্বীন ছেড়ে দাও” বলে না।
সে শুধু বলে—

“এখন না... একটু পরে।”

আর নফস সেই কথাই খুব পছন্দ করে।
কারণ “না” বললে মানুষ ভয় পায়, কিন্তু “পরে” বললে অন্তর কিছুটা শান্ত থাকে। মানুষ ভাবে, “আমি তো অস্বীকার করছি না, শুধু একটু delay করছি।” অথচ এই delay-টাই অনেক সময় পুরো জীবনকে খেয়ে ফেলে।

আজ যে তাওবাটা করা দরকার ছিল, সেটা কাল পর্যন্ত যায়।
কালের পর পরশু।
তারপর “একটু জীবন গুছিয়ে নেই।”
তারপর “এই phase টা শেষ হোক।”
তারপর “সময় হলে করব।”
তারপর একদিন বুঝা যায়—বদলানোর ইচ্ছাটা ছিল, কিন্তু বদলানোটা আর হলো না।

আল্লাহ তাআলা বলেন—

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَلْتَنظُرْ نَفْسٌ مَا قَدَّمَتْ لِغَدٍ

“হে ঈমানদারগণ! আল্লাহকে ভয় করো, আর প্রত্যেক ব্যক্তি যেন দেখে সে আগামীকালের জন্য কী অগ্রিম পাঠিয়েছে।”
(সূরা আল-হাশর, ৫৯:১৮)

এখানে “আগামীকাল” বলতে আখিরাতকে বোঝানো হয়েছে।
অর্থাৎ একজন মুমিনের কাজ হলো কাল্পনিক future-এর ওপর ভরসা করে বসে থাকা নয়; বরং আজ থেকেই আখিরাতের জন্য পাঠানো।
আজকের সালাত, আজকের তাওবা, আজকের ইস্তিগফার, আজকের কুরআন, আজকের গুনাহ ছেড়ে দেওয়া—এসবই তো আগামীকালের জন্য পাঠানো পাথেয়।

কিন্তু নফসের অজুহাত কী?
“আরও একটু পরে...”

আল্লাহ তাআলা আরও বলেন—

وَأَنفِقُوا مِن مَّا رَزَقْنَاكُم مِّن قَبْلِ أَن يَأْتِيَ أَحَدَكُمُ الْمَوْتُ فَيَقُولَ رَبِّ لَوْلَا أَخَّرْتَنِي إِلَىٰ أَجَلٍ قَرِيبٍ

“আমি তোমাদেরকে যে রিজিক দিয়েছি, তা থেকে ব্যয় করো তোমাদের কারও কাছে মৃত্যু আসার আগে। তখন সে বলবে, ‘হে আমার রব! তুমি যদি আমাকে আরও সামান্য সময় পর্যন্ত অবকাশ দিতে...’”
(সূরা আল-মুনাফিকূন, ৬৩:১০)

এই আয়াত মানুষকে একটা ভয়ংকর সত্য মনে করিয়ে দেয়—
আজ আমরা যে “আরও একটু পরে” বলছি, মৃত্যুর সময় আমরা উল্টো বলব—
“আরও একটু সময় যদি পেতাম...”

আজ আমরা সময়কে cheap ভাবছি।
সেদিন সময় হবে সবচেয়ে দামী জিনিস।
আজ আমরা বদলানো পিছিয়ে দিচ্ছি।
সেদিন ফিরে আসতে চাইব, কিন্তু আর সুযোগ থাকবে না।

রাসূলুল্লাহ ﷺ বলেছেন—

“দুটি নিয়ামতের ব্যাপারে অনেক মানুষ ক্ষতিগ্রস্ত—সুস্থতা এবং অবসর।”
(সহিহ বুখারি, ৬৪১২)

এই হাদীসটা শুধু health tip না।
এটা procrastination-এর বিরুদ্ধে একটা গভীর আঘাত।
আমরা ভাবি—যখন সময় হবে, তখন শুরু করব।
অথচ সময় তো এখনই আছে।
আমরা ভাবি—যখন মন fresh থাকবে, তখন কুরআন পড়ব।
অথচ free সময়টুকু scrolling-এ চলে যাচ্ছে।
আমরা ভাবি—যখন environment ভালো হবে, তখন বদলাব।
অথচ জানিই না, সেই environment আদৌ আসবে কি না।

সত্যি কথা হলো—
“কাল থেকে” অনেক সময় sincere plan না,
বরং নফসের polished excuse।

অবশ্যই planning করা খারাপ না।
আপনি যদি বলেন, “আগামীকাল সকাল ৭টায় ওঠে আমি এই আমল শুরু করব”—এটা পরিকল্পনা হতে পারে।
কিন্তু আপনি যদি শুধু vague ভাবে বারবার বলেন, “কাল থেকে ঠিক হব,” অথচ আজ কোনো ছোট পদক্ষেপও না নেন—তাহলে বুঝতে হবে, এটা commitment না; এটা delay।

তাহলে করণীয় কী?

প্রথমত, “কাল” শব্দটাকে “আজ” দিয়ে বদলান।
পুরো জীবন একদিনে পাল্টাতে হবে না।
কিন্তু আজ একটি ছোট কাজ শুরু করুন।

আজই দুই রাকাআত সালাতুত তাওবা পড়ুন।
আজই ১০ আয়াত কুরআন পড়ুন।
আজই একটা haram page unfollow করুন।
আজই একটা গুনাহ থেকে সরে আসুন।
আজই ফজরের জন্য alarm দিন।
আজই কাউকে কষ্ট দিয়ে থাকলে sorry বলুন।

দ্বিতীয়ত, perfect moment-এর অপেক্ষা বন্ধ করুন।
অনেকেই ভাবে—“মনের অবস্থা ভালো হলে শুরু করব।”
কিন্তু ইবাদত শুরু করলে মন ভালো হয়; মন ভালো হলে তবেই ইবাদত শুরু হয়—এমন না।

তৃতীয়ত, নিজের কাছে honest হন।
আপনি সত্যিই কি সময় পান না?
নাকি priority দেন না?
আপনি সত্যিই কি দুর্বল?
নাকি অজুহাত দিচ্ছেন?
এই প্রশ্নগুলো uncomfortable, কিন্তু দরকারি।

চতুর্থত, তাওবাকে future project বানাবেন না।
গুনাহ থেকে ফিরে আসা এমন কিছু না, যা retirement-এর পর করা যাবে।
তাওবা delayed করলে অন্তর ধীরে ধীরে গুনাহের সঙ্গে মানিয়ে নেয়।

পঞ্চমত, মনে রাখুন—বদলানো বড় ঘোষণা দিয়ে নয়, ছোট consistency দিয়ে হয়।
যে মানুষ আজ একটি sincere step নেয়, সে-ই কাল বড় পরিবর্তন দেখতে পায়।

আজ নিজেকে একটা প্রশ্ন করুন—

আমি কতদিন ধরে একই কথা বলছি—
“কাল থেকে...”

নামাজের ক্ষেত্রে?
পর্দার ক্ষেত্রে?
তাওবার ক্ষেত্রে?
কুরআনের ক্ষেত্রে?
একটা নির্দিষ্ট গুনাহ ছাড়ার ক্ষেত্রে?
জীবন গুছিয়ে নেওয়ার ক্ষেত্রে?

আপনি হয়তো খেয়াল করবেন—
আপনার জীবনের সবচেয়ে dangerous word হয়তো কোনো হারাম শব্দ না।
বরং খুব সাধারণ একটি শব্দ—

“কাল”

মনে রাখুন,
শয়তান খুশি হয় শুধু তখন না, যখন আপনি গুনাহ করেন।
সে তখনও খুশি হয়, যখন আপনি সৎ কাজটা করতে করতে আরেক দিন পেছান।

কারণ সে জানে—
সবাইকে সরাসরি থামানো যায় না।
অনেককে শুধু দেরি করিয়ে দিলেই যথেষ্ট।

আল্লাহ তাআলা আমাদের নফসের ধোঁকা থেকে হেফাজত করুন। আমাদেরকে “একদিন” এর মানুষ না বানিয়ে “আজ” থেকেই ফেরত আসা মানুষের দলে শামিল করুন। আমাদের তাওবাকে delayed না করে accepted করুন, আর আমাদের জীবনের বাকি সময়কে আপনার সন্তুষ্টির পথে ব্যয় করার তাওফিক দিন।

আমিন।

১. “কাল থেকে” — এই কথাতেই অনেক জীবন আটকে আছে।
২. শয়তান সবসময় “না” বলে না, অনেক সময় বলে “পরে”।
৩. তাওবা delay করাও এক ধরনের ক্ষতি।
৪. বদল শুরু হয় আজকের ছোট step থেকে।
৫. আপনার জীবনের সবচেয়ে dangerous “কাল” কোনটা?

“কাল থেকে” mentality ভাঙার ৫টি উপায়

১. বড় target না, আজকের ছোট আমল ঠিক করুন।
২. vague plan বাদ দিয়ে নির্দিষ্ট time fix করুন।
৩. এক গুনাহ চিহ্নিত করে আজ থেকেই stop button চাপুন।
৪. ফ্রি সময়ের হিসাব লিখে দেখুন—সময় নেই, নাকি priority নেই।
৫. প্রতিরাতে নিজেকে জিজ্ঞেস করুন: “আজ আমি কীসের জন্য বদলাইনি?”

অধ্যায় ২ · NE-003

“সবাই তো করে...”

আমাদের নফসের আরেকটা খুব পরিচিত অজুহাত হলো—

“সবাই তো করে...”

গান শুনি?

সবাই তো শুনে।

নন মাহরামের সঙ্গে unnecessary কথা?

এখনকার যুগে সবাই তো করে।

হারাম relationship?

এখন তো এগুলো normal।

পর্দায় ঢিলেমি?

আমার আশেপাশে সবাই তো এমন।

নামাজে অলসতা?

অনেকেই তো পড়ে না।

গীবত, রাগ, অহংকার, চোখের গুনাহ, মিথ্যা excuse, social media-র haram content—

প্রতিটা জায়গায় নফস একটা কথা খুব সুন্দরভাবে সাজিয়ে দেয়—

“আমি একা তো করছি না, সবাই করছে।”

কথাটা শুনতে logical মনে হয়।
কারণ মানুষ ভিড় দেখে সাহস পায়।
যে কাজ একা করতে লজ্জা লাগত, সেটা অনেক মানুষ করছে দেখলে সহজ লাগে।
যে গুনাহ আগে অপরাধ মনে হতো, সেটা চারপাশে ছড়িয়ে গেলে normal মনে হয়।

কিন্তু একটা কঠিন সত্য হলো—

কোনো কাজ মানুষের কাছে normal হলেই আল্লাহর কাছে halal হয়ে যায় না।

সমাজ বদলাতে পারে।
Trend বদলাতে পারে।
মানুষের রুচি বদলাতে পারে।
কিন্তু আল্লাহর হালাল হারাম মানুষের সংখ্যা দেখে বদলায় না।

আল্লাহ তাআলা বলেন—

وَإِن تُطِعْ أَكْثَرَ مَن فِي الْأَرْضِ يُضِلُّوكَ عَن سَبِيلِ اللَّهِ

“আপনি যদি পৃথিবীর অধিকাংশ মানুষের অনুসরণ করেন, তারা আপনাকে আল্লাহর পথ থেকে বিভ্রান্ত করবে।”
সূরা আল আনআম, ৬:১১৬

এই আয়াত আমাদের একটা বড় reality check দেয়।

সত্য সবসময় majority-এর সঙ্গে থাকে না।
অনেক মানুষ কোনো কাজ করছে মানেই সেটা সঠিক নয়।
Popular হওয়া আর accepted by Allah হওয়া এক জিনিস না।

আল্লাহ আরও বলেন—

قُل لَّا يَسْتَوِي الْخَبِيثُ وَالطَّيِّبُ وَلَوْ أَعْجَبَكَ كَثْرَةُ الْخَبِيثِ

“বলুন, অপবিত্র ও পবিত্র সমান নয়, যদিও অপবিত্র জিনিসের আধিক্য তোমাকে মুগ্ধ করে।”

সূরা আল মায়িদাহ, ৫:১০০

কী গভীর কথা!

খারাপ জিনিস অনেক বেশি হতে পারে।
খারাপ content বেশি হতে পারে।
খারাপ অভ্যাস বেশি ছড়াতে পারে।
হারাম সম্পর্ক বেশি দেখা যেতে পারে।
ভুল lifestyle বেশি popular হতে পারে।

কিন্তু বেশি হওয়া কখনো ভালো হওয়ার প্রমাণ না।

আজ social media-তে একটা গুনাহ হাজার হাজার মানুষ করছে।
Comments-এ সবাই হাসছে।
Reels-এ সবাই share করছে।
বন্ধুদের মধ্যে সবাই এটাই normal বলছে।
তাই আমার নফসও শান্ত হয়ে যায়।

কিন্তু কিয়ামতের দিন প্রশ্ন হবে না—

“তোমার বন্ধুরা কী করত?”

প্রশ্ন হবে—

“তুমি কী করেছিলে?”

সেদিন crowd আলাদা হয়ে যাবে।
Trend আলাদা হয়ে যাবে।
বন্ধু আলাদা হয়ে যাবে।

Screen আলাদা হয়ে যাবে।
শুধু আমি, আমার আমল আর আমার রবের সামনে দাঁড়ানো থাকবে।

তখন আমি বলতে পারব না—

“ইয়া আল্লাহ, সবাই তো করত...”

কারণ আল্লাহ আমাকে চোখ দিয়েছিলেন আমার নিজের জন্য।
কান দিয়েছিলেন আমার নিজের জন্য।
অন্তর দিয়েছিলেন আমার নিজের জন্য।
ইচ্ছাশক্তি দিয়েছিলেন আমার নিজের জন্য।

আল্লাহ তাআলা বলেন—

إِنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ أُولَٰئِكَ كَانَ عَنْهُ مَسْئُولًا

“নিশ্চয়ই কান, চোখ ও অন্তর—এসবের ব্যাপারে জিজ্ঞাসা করা হবে।”
সূরা আল ইসরা, ১৭:৩৬

খেয়াল করুন—
এখানে বলা হয়নি, “সমাজকে জিজ্ঞাসা করা হবে।”
বলা হয়েছে, আমার কান, আমার চোখ, আমার অন্তর সম্পর্কে আমাকে জিজ্ঞাসা করা হবে।

তাই “সবাই করে” বলে নিজের দায় সরানো যায় না।

একটা উদাহরণ ভাবুন।

একটা রাস্তা ভুল দিকে যাচ্ছে।
হাজার মানুষ সেই পথে হাঁটছে।
আমি কি শুধু ভিড় দেখে বলব—“এত মানুষ যাচ্ছে, নিশ্চয়ই ঠিক?”

না।

আমি দেখব গন্তব্য কোথায়।

কারণ ভুল পথে মানুষ বেশি হলেও পথটা ভুলই থাকে।

দ্বীনের ক্ষেত্রেও তাই।

যে fashion আল্লাহর অপছন্দের, সেটা সবাই করলে halal হয় না।
যে সম্পর্ক haram, সেটা culture করলে জায়েজ হয় না।
যে content চোখকে নষ্ট করে, সেটা viral হলে পবিত্র হয় না।
যে কথা গীবত, সেটা "group discussion" নাম দিলেও গীবতই থাকে।
যে earning হারাম, সেটা market standard হলেও হারামই থাকে।

আমরা অনেক সময় গুনাহ করতে করতে ভয় পাই না, কারণ আশেপাশে সবাই করছে।

কিন্তু একজন মুমিনের scale মানুষ না।

একজন মুমিনের scale হলো—

আল্লাহ কী বলেছেন?
রাসূল ﷺ কী শিখিয়েছেন?
আমার অন্তর আল্লাহর সামনে দাঁড়াতে প্রস্তুত তো?

রাসূলুল্লাহ ﷺ বলেছেন—

"ইসলাম শুরু হয়েছিল অপরিচিত অবস্থায়, আবার তা অপরিচিত অবস্থায় ফিরে যাবে।
সুতরাং সুসংবাদ সেই অপরিচিতদের জন্য।"
সহিহ মুসলিম

এই হাদীস আমাদের শেখায়—
সত্য পথে থাকতে গেলে কখনো কখনো মানুষ আপনাকে strange ভাববে।
সবাই যেদিকে যাচ্ছে, আপনি সেদিকে না গেলে আপনাকে boring বলা হতে পারে।

আপনি হারাম relationship এড়ালে backward বলা হতে পারে।
আপনি পর্দা করলে extreme বলা হতে পারে।
আপনি গীবত থেকে চুপ থাকলে mood নষ্টকারী বলা হতে পারে।
আপনি নামাজের জন্য উঠলে over religious বলা হতে পারে।

কিন্তু মনে রাখবেন—

মানুষের চোখে strange হওয়া ভয়ংকর না।
আল্লাহর কাছে হারিয়ে যাওয়া ভয়ংকর।

তাহলে কীভাবে এই অজুহাত থেকে বাঁচব?

প্রথমত, নিজের মুখ থেকে "সবাই তো করে" বাক্যটা ধরুন।
যখনই এই কথা মনে আসে, বুঝবেন নফস justification খুঁজছে।

দ্বিতীয়ত, প্রশ্ন বদলান।
"সবাই করে কি না" না।
প্রশ্ন করুন—

"আল্লাহ এটা পছন্দ করেন কি না?"

তৃতীয়ত, নিজের environment বদলান।
আপনি যদি সবসময় এমন মানুষের মধ্যে থাকেন যারা গুনাহকে normal বানিয়ে দেয়, তাহলে আপনার অন্তরও একসময় সেটাকে normal ভাববে।

চতুর্থত, social media diet ঠিক করুন।
আপনার feed যদি আপনাকে haram normal দেখায়, তাহলে আপনার অন্তরও ধীরে ধীরে halal haram-এর sensitivity হারাবে।

পঞ্চমত, ছোট ছোট জায়গায় আলাদা দাঁড়ানোর practice করুন।
সব জায়গায় বড় ঘোষণা দিতে হবে না।
কখনো শুধু scroll বন্ধ করা।
কখনো শুধু group chat থেকে বের হওয়া।
কখনো শুধু “না, এটা ঠিক না” বলা।
কখনো শুধু কোনো haram trend follow না করা।

হয়তো মানুষ বলবে—

“এত serious হওয়ার কী আছে?”

আপনি মনে মনে বলুন—

“কিয়ামতের দিন আমাকেই জবাব দিতে হবে।”

ভাই বোনেরা,
এই দুনিয়ায় অনেক কিছু normal হয়ে গেছে।
কিন্তু মুমিনের কাজ normal হওয়া না।
মুমিনের কাজ হলো আল্লাহর কাছে accepted হওয়া।

যে যুগে মানুষ গুনাহকে lifestyle বানিয়ে ফেলে, সে যুগে আল্লাহকে খুশি করার চেষ্টা করাটাই এক বড় জিহাদ।

আজ নিজেকে জিজ্ঞেস করি—

আমি কোন গুনাহকে শুধু এই কারণে হালকা ভাবছি যে সবাই করছে?

আমার কোন অভ্যাসটা সমাজ normal বানিয়েছে, কিন্তু আল্লাহর সামনে সেটার উত্তর কঠিন হবে?

আমি কি সত্যকে follow করছি—
নাকি crowd-কে?

আল্লাহ আমাদেরকে মানুষের ভিড়ের ধোঁকা থেকে বাঁচান। আমাদের অন্তরে হককে হক হিসেবে চিনে তা অনুসরণ করার তাওফিক দিন, আর বাতিলকে বাতিল হিসেবে চিনে তা থেকে দূরে থাকার শক্তি দিন। মানুষ হাসলেও, মানুষ না মানলেও, trend বিপরীতে গেলেও আমাদেরকে আপনার সন্তুষ্টির পথে দৃঢ় রাখুন।

আমিন।

ছোট গুনাহকে ছোট ভাবতে ভাবতেই অন্তর অসাড় হয়ে যায়।

১. মানুষ বেশি করলেই কোনো ভুল ঠিক হয়ে যায় না।
২. Popular হওয়া আর আল্লাহর কাছে accepted হওয়া এক জিনিস না।
৩. “সবাই করে” কিয়ামতের দিন অজুহাত হবে না।
৪. মুমিনের scale সমাজ না—আল্লাহর বিধান।
৫. কোন গুনাহটা আমরা “normal” বলে হালকা বানিয়ে ফেলেছি?

- “সবাই তো করে” অজুহাত ভাঙার ৫টি self-check

১. এই কাজটা যদি কেউ না করত, আমি কি তখনও করতাম?
২. এটা কি আল্লাহর সামনে বলতে পারব?
৩. এটা কি আমার চোখ, কান বা অন্তরকে নষ্ট করছে?
৪. আমি কি evidence দেখছি, নাকি শুধু culture follow করছি?
৫. এটা popular, কিন্তু এটা কি halal?

অধ্যায় ৩ · NE-003

“এটা তো ছোট গুনাহ...”

“একটু দেখলে কী হবে?”

“একবার মিথ্যা বললাম, এত বড় বিষয় না।”

“সামান্য গীবতই তো।”

“একটু কথা বলছি, খারাপ কিছু তো করছি না।”

“এটা তো ছোট গুনাহ...”

এই বাক্যটা আমাদের অন্তরকে খুব দ্রুত শান্ত করে দেয়।

গুনাহটা ছাড়তে হবে না।
তাওবার প্রয়োজন অনুভব করতে হবে না।
নিজেকে সংশোধনও করতে হবে না।

শুধু কাজটার সামনে একটা শব্দ বসিয়ে দিলাম—

“ছোট।”

তারপর মনে হলো, বিষয়টা আর গুরুত্ব দেওয়ার মতো নেই।

কিন্তু একটু ভেবে দেখুন—

একটা গুনাহ ছোট হতে পারে, কিন্তু আমরা কাকে অমান্য করছি?

যাঁর নিয়ামত নিয়ে বেঁচে আছি, যাঁর দেওয়া চোখ দিয়ে দেখছি, কান দিয়ে শুনছি, হাত দিয়ে লিখছি—অবাধ্যতা তো সেই আল্লাহরই হচ্ছে।

এর অর্থ এই নয় যে শরিয়তে ছোট ও বড় গুনাহের কোনো পার্থক্য নেই। পার্থক্য অবশ্যই আছে। সব গুনাহের বিধান ও ভয়াবহতাও সমান নয়।

সমস্যা শুরু হয় তখন, যখন "ছোট গুনাহ" কথাটাকে আমরা "গুরুত্বহীন গুনাহ" বানিয়ে ফেলি।

আল্লাহ তাআলা কিয়ামতের দিনের আমলনামার কথা জানিয়ে বলেন—

وَوُضِعَ الْكِتَابُ فَتَرَى الْمُجْرِمِينَ مُشْفِقِينَ مِمَّا فِيهِ وَيَقُولُونَ يَا وَيْلَتَنَا مَالِ هَٰذَا الْكِتَابِ لَا يُغَادِرُ صَغِيرَةً وَلَا كَبِيرَةً إِلَّا أَحْصَاهَا

"আমলনামা সামনে রাখা হবে। তখন তারা বলবে, 'এ কেমন আমলনামা! এটি ছোট কিংবা বড় কিছুই হিসাবের বাইরে রাখেনি।'"
— সূরা আল-কাহফ, ১৮:৪৯

খেয়াল করুন, আয়াতে শুধু বড় কাজের কথা বলা হয়নি।

ছোট ও বড়—সবই লেখা হচ্ছে।

যে কথাটা বলার পর ভুলে গেছি।
যে দৃশ্যটা কয়েক সেকেন্ড দেখেছি।
যে comment দিয়ে কাউকে কষ্ট দিয়েছি।
যে ব্যক্তির অনুপস্থিতিতে তাকে নিয়ে কথা বলেছি।
যে মিথ্যাকে "সামান্য অজুহাত" বলেছি।

আমরা ভুলে যেতে পারি।

কিন্তু আমলনামা ভুলে যায় না।

ছোট গুনাহের আরেকটি বিপদ হলো—এটি অনেক সময় একা থাকে না।

আজ একবার।

কাল আবার।

তারপর নিয়মিত।

এরপর আর অপরাধবোধও থাকে না।

যে কাজটি প্রথমবার করার পর অন্তর কেঁপেছিল, কয়েক মাস পর সেটিই দৈনন্দিন অভ্যাস হয়ে যায়। তখন মানুষ শুধু গুনাহ করছে না—গুনাহের প্রতি তার সংবেদনশীলতাও হারিয়ে যাচ্ছে।

রাসূলুল্লাহ ﷺ সতর্ক করেছেন—

“তোমরা তুচ্ছ মনে করা গুনাহগুলো থেকে সাবধান হও। কারণ সেগুলো মানুষের ওপর জমতে জমতে একসময় তাকে ধ্বংস করে দেয়।”
— মুসনাদ আহমাদ, ৩৮১৮; সহিহুল জামি’, ২৬৮৭

একটি ছোট শুকনো ডাল হয়তো চুলা জ্বালানোর জন্য যথেষ্ট নয়।

কিন্তু সবাই যদি একটি করে ডাল জমা করে, একসময় বড় আগুন জ্বলে ওঠে।

ছোট গুনাহও অনেক সময় এমন।

একটি চোখের গুনাহ।
একটি অপ্রয়োজনীয় message।
একটি গীবতের বাক্য।
একটি মিথ্যা।
একটি সালাত দেরি করা।
একটি হারাম ভিডিও।

আলাদা করে দেখলে সামান্য মনে হয়।

কিন্তু প্রতিদিনের সবগুলো এক জায়গায় জমলে—সেটাই অন্তরের ওপর ভার হয়ে দাঁড়ায়।

আল্লাহ তাআলা বলেন—

كَلَّا بَلْ رَانَ عَلَىٰ قُلُوبِهِم مَّا كَانُوا يَكْسِبُونَ

“বরং তাদের কৃতকর্মের কারণে তাদের অন্তরে মরিচা পড়ে গেছে।”
— সূরা আল-মুতাফফিফীন, ৮৩:১৪

মরিচা সাধারণত একদিনে পুরো লোহাকে ঢেকে ফেলে না।

অল্প অল্প করে জমে।

অন্তরের ক্ষেত্রেও তাই।

গুনাহের পর তাওবা না করলে, অনুতপ্ত না হলে, বরং বারবার সেটাকে হালকা বানালে—অন্তরের ওপর দাগ জমতে থাকে।

একসময় কুরআন শুনেও আগের মতো অনুভব হয় না।

নসিহাহ শুনলে বিরক্ত লাগে।

হারাম সামনে এলেও চোখ ফিরিয়ে নেওয়ার শক্তি থাকে না।

কারণ সমস্যাটা তখন শুধু একটি কাজের মধ্যে সীমাবদ্ধ নেই। গুনাহটা অন্তরের স্বাভাবিকতার অংশ হয়ে গেছে।

আরও একটি বিষয় লক্ষ করা দরকার।

মানুষ সাধারণত বড় গুনাহ করার আগে কিছুটা ভয় পায়। কিন্তু ছোট মনে করা গুনাহের ক্ষেত্রে সতর্কতাই থাকে না।

তাই বড় গুনাহ থেকে দূরে থাকা একজন মানুষও ছোট ছোট দরজা দিয়ে প্রতিদিন নিজের অন্তরে ক্ষতি ঢুকতে দিতে পারে।

তবে এখানে ভারসাম্য জরুরি।

ইসলাম আমাদের প্রতিটি সামান্য ভুল নিয়ে হতাশা ও আতঙ্কে ডুবে থাকতে শেখায় না। আল্লাহ তাআলা ক্ষমাশীল। পাঁচ ওয়াক্ত সালাত, এক জুমু'আহ থেকে পরবর্তী জুমু'আহ এবং এক রমাদান থেকে পরবর্তী রমাদান—মাঝের গুনাহগুলোর কাফফারা হয়, যদি বড় গুনাহ থেকে বেঁচে থাকা হয়।

অর্থাৎ মুমিনের পথ হতাশার পথ নয়।

মুমিনের পথ হলো—

ভুল হলে স্বীকার করা।
তাওবা করা।
ইস্তিগফার করা।
ভালো আমল বাড়ানো।
এবং একই ভুলকে অজুহাত দিয়ে আঁকড়ে না থাকা।

সমস্যা ভুল হয়ে যাওয়া নয়।

সমস্যা হলো—

ভুলের পরও মনে করা, "এতে কিছু হবে না।"

সমস্যা দুর্বল হয়ে পড়ে যাওয়া নয়।

সমস্যা হলো—

পড়ে থাকার জন্য গুনাহের আকারকে অজুহাত বানানো।

তাহলে এই আত্মপ্রবঞ্চনা থেকে কীভাবে বের হব?

প্রথমত, "ছোট গুনাহ" ও "গুরুত্বহীন গুনাহ"কে এক ভাববেন না।

বিধানে ছোট হতে পারে, কিন্তু হিসাবের বাইরে নয়।

দ্বিতীয়ত, গুনাহের আকার নয়, তার পুনরাবৃত্তি দেখুন।

যে কাজটি “একবার” বলে শুরু হয়েছিল, সেটি কি এখন নিয়মিত হয়ে গেছে?

তৃতীয়ত, কাজটির পর অন্তরের অবস্থা দেখুন।

অনুতপ্ত হচ্ছেন, নাকি নির্লজ্জতা বাড়ছে? ভয় কমছে, নাকি তাওবার ইচ্ছা জাগছে?

চতুর্থত, ছোট গুনাহের দরজাটা দ্রুত বন্ধ করুন।

যে account চোখের গুনাহ বাড়ায়, unfollow করুন।
যে chat সীমা ভাঙায়, থামিয়ে দিন।
যে পরিবেশ গীবত করায়, সেখান থেকে উঠে আসুন।
যে অভ্যাস সালাত পিছিয়ে দেয়, সেটায় সীমা দিন।

পঞ্চমত, ভুলের পর সঙ্গে সঙ্গে একটি ভালো কাজ করুন।

ইস্তিগফার করুন।
দুই রাকাআত তাওবার সালাত পড়ুন।
সদকা করুন।
কাউকে কষ্ট দিলে ক্ষমা চান।
গুনাহের জায়গায় একটি ভালো অভ্যাস বসান।

আজ একটু নিজের জীবন দেখুন।

কোন কাজটাকে আপনি বহুদিন ধরে “ছোট” বলে ছাড়ছেন না?

চোখের কোনো গুনাহ?

কথার কোনো গুনাহ?

ফোনের কোনো গোপন অভ্যাস?

সালাতে নিয়মিত অবহেলা?

কারও সম্পর্কে বলা কয়েকটি বাক্য?

মনে রাখবেন—

পাহাড় শুধু বড় বড় পাথর দিয়ে তৈরি হয় না। অসংখ্য ছোট কণাও একত্র হয়ে পাহাড় তৈরি করে।

তাই গুনাহ ছোট বলে হতাশ হবেন না।

কিন্তু ছোট বলে অবহেলাও করবেন না।

আল্লাহর রহমতের আশা নিয়ে তাওবা করুন, এবং আজই একটি দরজা বন্ধ করুন।

আল্লাহ আমাদের প্রকাশ্য ও গোপন সব গুনাহ ক্ষমা করুন। যেসব ভুলকে আমরা হালকা মনে করছি, সেগুলোর ক্ষতি বুঝতে দিন। আমাদের অন্তরকে গুনাহের প্রতি নির্লজ্জ নয়, সংবেদনশীল রাখুন এবং প্রতিবার পড়ে যাওয়ার পর দ্রুত তাঁর দিকে ফিরে আসার তাওফিক দিন।

আমিন।

আল্লাহর রহমতকে আশা বানাচ্ছি, নাকি গুনাহের অনুমতি?

১. গুনাহ ছোট হতে পারে, কিন্তু হিসাবের বাইরে নয়।
২. একবারের ভুল যখন অভ্যাস হয়, তখন বিপদ বাড়ে।
৩. সমস্যা শুধু পড়ে যাওয়া নয়—পড়ে থাকার অজুহাত বানানো।
৪. ছোট গুনাহকে হালকা ভাববেন না, আবার আল্লাহর রহমত থেকেও নিরাশ হবেন না।
৫. কোন ভুলটাকে আমরা দীর্ঘদিন ধরে “সামান্য” বলে এড়িয়ে যাচ্ছি?

ছোট গুনাহ থেকে বাঁচার ৫টি বাস্তব পদক্ষেপ

১. বারবার করা একটি গুনাহ আজই চিহ্নিত করুন।

২. যে trigger গুনাহের দিকে নেয়, সেটি সরিয়ে দিন।

৩. ভুলের সঙ্গে সঙ্গে ইস্তিগফার ও তাওবা করুন।

৪. গুনাহের জায়গায় একটি ভালো অভ্যাস বসান।

৫. রাতে নিজেকে জিজ্ঞেস করুন—আজ কোন ভুলকে আমি হালকা ভেবেছি?

“আল্লাহ তো ক্ষমাশীল...”

“একটু গুনাহ করলে কী হবে? আল্লাহ তো ক্ষমাশীল।”

“এখন করি, পরে তাওবা করে নেব।”

“আল্লাহ এত দয়ালু, তিনি নিশ্চয়ই মাফ করে দেবেন।”

কথাটি মিথ্যা নয়। আল্লাহ অবশ্যই ক্ষমাশীল, পরম দয়ালু। তাঁর রহমত এত বিশাল যে কোনো গুনাহগার আন্তরিকভাবে ফিরে এলে তার জন্য হতাশ হওয়ার সুযোগ নেই।

কিন্তু বিপদ শুরু হয় তখন, যখন আমরা আল্লাহর রহমতকে ফিরে আসার সাহস হিসেবে ব্যবহার না করে গুনাহ চালিয়ে যাওয়ার অনুমতি হিসেবে ব্যবহার করি।

তখন কথাটি আর আশা থাকে না।
সেটি হয়ে যায় নফসের সাজানো অজুহাত।

আল্লাহ তাআলা তাঁর বান্দাদের জানাতে বলেছেন যে তিনি পরম ক্ষমাশীল ও দয়ালু। ঠিক পরের আয়াতেই জানিয়েছেন, তাঁর শাস্তিও অত্যন্ত যন্ত্রণাদায়ক। অর্থাৎ কুরআন আমাদের শুধু আশা দেয় না, দায়িত্বশীল ভয়ও শেখায়।

আমরা অনেক সময় প্রথম কথাটি মনে রাখি—

“আল্লাহ ক্ষমাশীল।”

কিন্তু পরের সতর্কতাটি ভুলে যাই—

“তাঁর শাস্তিও কঠিন।”

এই ভারসাম্য হারিয়ে গেলে মানুষ দুই ধরনের বিপদে পড়ে। কেউ নিজের গুনাহ দেখে আল্লাহর রহমত থেকে হতাশ হয়ে যায়। আবার কেউ রহমতের কথা বলে গুনাহকে হালকা করতে থাকে।

দুটোই ভুল।

আল্লাহ বলেন—

"হে আমার বান্দারা, যারা নিজেদের ওপর সীমালঙ্ঘন করেছ, তোমরা আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ো না।"
— সূরা আয-যুমার, ৩৯:৫৩

এটি নিঃসন্দেহে আশার আয়াত। কিন্তু পরের আয়াতেই বলা হয়েছে—

"তোমাদের ওপর শাস্তি আসার আগেই তোমরা তোমাদের রবের দিকে ফিরে এসো এবং তাঁর কাছে আত্মসমর্পণ করো।"
— সূরা আয-যুমার, ৩৯:৫৪

খেয়াল করুন, আল্লাহর রহমতের ঘোষণা শুনে করণীয় হিসেবে বলা হয়নি—

"তাই নিশ্চিন্তে গুনাহ করতে থাকো।"

বলা হয়েছে—

"ফিরে এসো।"

রহমতের সঠিক প্রতিক্রিয়া হলো তাওবা।
রহমতের অপব্যবহার হলো গুনাহ চালিয়ে যাওয়া।

একজন মানুষ ভুল করে ফেলল, তারপর লজ্জিত হয়ে বলল, "আমার রব ক্ষমাশীল, আমি তাঁর কাছে ফিরে যাব"—এটি ঈমানদারের আশা।

আরেকজন জেনেশুনে একই গুনাহ করতে থাকল এবং বলল, “সমস্যা নেই, আল্লাহ ক্ষমা করে দেবেন”—এটি নিজের নিরাপত্তা সম্পর্কে ভিত্তিহীন নিশ্চয়তা।

আল্লাহ সতর্ক করেছেন—

“দুনিয়ার জীবন যেন তোমাদের প্রতারিত না করে এবং প্রতারক যেন আল্লাহ সম্পর্কে তোমাদের প্রতারিত না করে।”
— সূরা লুকমান, ৩১:৩৩

আল্লাহ সম্পর্কে প্রতারিত হওয়ার একটি রূপ হলো—তাঁর রহমতের কথা মনে রেখে তাঁর হিসাব, সতর্কতা ও শাস্তির কথা ভুলে যাওয়া।

আমরা কি কখনো কোনো মানুষের সঙ্গে এমন করি?

কেউ যদি খুব দয়ালু হয়, তাহলে কি বারবার তাকে কষ্ট দিয়ে বলি, “তিনি তো ভালো মানুষ, কিছু বলবেন না”?

বরং তাঁর দয়া অনুভব করলে কৃতজ্ঞতা বাড়ার কথা। তাকে কষ্ট দিতে আরও সংকোচ হওয়ার কথা।

তাহলে আল্লাহর অসংখ্য নিয়ামত ভোগ করে, তাঁর ক্ষমাশীলতার কথা জেনে আমাদের অবাধ্যতা কীভাবে আরও সহজ হয়ে যায়?

আল্লাহর দয়া আমাকে গুনাহে সাহসী করবে না।
বরং তাওবায় সাহসী করবে।

রাসূলুল্লাহ ﷺ জানিয়েছেন, আল্লাহর রহমত তাঁর ক্রোধকে অতিক্রম করেছে।

এই হাদিস গুনাহগারের জন্য অসীম আশার দরজা। কিন্তু এর অর্থ এই নয় যে মানুষ ইচ্ছাকৃতভাবে আল্লাহর অবাধ্যতা করতে থাকবে। বরং অর্থ হলো—যত বড় ভুলই হোক, সত্যিকারভাবে ফিরে আসার দরজা বন্ধ ভাববে না।

আরেক হাদিসে রাসূলুল্লাহ ﷺ এমন ভারসাম্য শিখিয়েছেন যে একজন মুমিন যদি আল্লাহর শাস্তির পূর্ণ বাস্তবতা জানত, তবে সে অত্যন্ত ভীত হতো; আর একজন অবিশ্বাসী যদি আল্লাহর রহমতের বিশালতা জানত, তবে সে হতাশ হতো না।

অর্থাৎ মুমিনের অন্তরে দুইটিই থাকবে—

আশা এবং ভয়।

শুধু ভয় থাকলে মানুষ হতাশ হয়ে যেতে পারে।
শুধু আশা থাকলে মানুষ বেপরোয়া হয়ে যেতে পারে।

কিন্তু আশা যদি বলে, "ফিরে এসো", আর ভয় যদি বলে, "আর দেরি কোরো না"—তাহলেই অন্তর সঠিক পথে থাকে।

আপনি রহমতের আশা করছেন, নাকি অজুহাত বানাচ্ছেন?

কয়েকটি প্রশ্নে নিজেকে পরীক্ষা করুন।

গুনাহের পর "আল্লাহ ক্ষমাশীল" মনে হলে আপনার অন্তরে কি তাওবার ইচ্ছা জাগে, নাকি আবার একই কাজ করার সাহস আসে?

আপনি কি ভুলটি বন্ধ করার চেষ্টা করছেন, নাকি ক্ষমার কথা বলে সেটাকে ভবিষ্যতের জন্য রেখে দিচ্ছেন?

আপনি কি লজ্জিত হয়ে আল্লাহর কাছে ফিরছেন, নাকি পরিকল্পনা করেই ভাবছেন—"আগে গুনাহ করি, পরে তাওবা করব"?

আন্তরিক তাওবা মানে মানুষ আর কখনোই দুর্বল হয়ে পড়বে না—এমন নয়। একজন মানুষ তাওবা করেও আবার পিছলে যেতে পারে। আবার তাওবা করবে, আবার চেষ্টা করবে।

কিন্তু তার অন্তরে অন্তত গুনাহ ছাড়ার সত্যিকারের ইচ্ছা থাকবে।

অন্যদিকে, আগে থেকেই গুনাহ চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়ে "পরে তাওবা করব" বলা তাওবার মানসিকতা নয়। কারণ কেউ জানে না তার সেই "পরে" আসবে কি না।

আল্লাহ মুমিনদের আন্তরিক তাওবা করার নির্দেশ দিয়েছেন।

তাই আজ কোনো বড় ঘোষণা দরকার নেই। একটি গুনাহ চিহ্নিত করুন, যেটাকে দীর্ঘদিন ধরে আল্লাহর ক্ষমার কথা বলে হালকা বানিয়ে রেখেছেন।

হয়তো চোখের কোনো গুনাহ।
কোনো গোপন যোগাযোগ।
মিথ্যা বলা।
গীবত।
নামাজে অবহেলা।
হারাম উপার্জনের কোনো অংশ।
অথবা এমন কোনো অভ্যাস, যা শুধু আপনি এবং আল্লাহ জানেন।

আজ বলুন—

"আমার রব ক্ষমাশীল। তাই আমি হতাশ হব না। কিন্তু তিনি আমাকে দেখছেন। তাই আমি বেপরোয়াও হব না।"

আল্লাহর রহমতের সবচেয়ে সুন্দর প্রমাণ হলো, তিনি আজও আমাদের ফিরে আসার সুযোগ দিয়েছেন।

এই সুযোগকে গুনাহের অনুমতিপত্র বানাবেন না।
এটাকে ঘরে ফেরার পথ বানান।

আল্লাহ আমাদের তাঁর রহমত থেকে কখনো নিরাশ না করুন। আবার তাঁর রহমতকে অবাধ্যতার অজুহাত বানানোর ধোঁকা থেকেও রক্ষা করুন। আমাদের গুনাহ চিনতে, লজ্জিত হতে, আন্তরিকভাবে তাওবা করতে এবং তাওবার ওপর অটল থাকতে সাহায্য করুন।

আমিন।

ভালো নিয়ত কি ভুল কাজকে সঠিক বানিয়ে দেয়?

১. আল্লাহর রহমত তাওবার সাহস দেয়, গুনাহের অনুমতি নয়।
২. “আল্লাহ ক্ষমাশীল” কথাটি সত্য, কিন্তু নফস এর ভুল ব্যবহার করতে পারে।
৩. আশা মানুষকে আল্লাহর দিকে ফেরায়; মিথ্যা নিরাপত্তা গুনাহে রেখে দেয়।
৪. হতাশ হবেন না, আবার বেপরোয়াও হবেন না।
৫. ক্ষমার আশা করছি, নাকি তাওবা পিছিয়ে দিচ্ছি?

রহমতের আশা ও আত্মপ্রবঞ্চনার পার্থক্য

রহমতের আশা বলে: ভুল করেছি, এখনই ফিরে যাব।
আত্মপ্রবঞ্চনা বলে: এখন করি, পরে ফিরে আসব।
রহমতের আশা গুনাহের পর অনুতাপ তৈরি করে।
আত্মপ্রবঞ্চনা গুনাহের আগে নিরাপত্তা দেয়।
রহমতের আশা আচরণ বদলায়।
শুধু মুখের আশা একই ভুলকে চালিয়ে যায়।

অধ্যায় ৫ · NE-003

“আমি তো কারও ক্ষতি করছি না”

নফসের অজুহাত | পর্ব ০৫

“আমি তো কারও ক্ষতি করছি না”

আমরা অনেক গুনাহকে খুব সহজে হালকা করে ফেলি এই একটি বাক্যে — “আমি তো কারও ক্ষতি করছি না।” মনে হয়, যেহেতু আমি কাউকে ঠকাচ্ছি না, কারও সম্পদ মেরে দিচ্ছি না, কারও গায়ে হাত তুলছি না, তাই কিছু ব্যক্তিগত ভুল, কিছু গোপন গুনাহ, কিছু “নিজের মতো” জীবনযাপন হয়তো তেমন সমস্যা না। কিন্তু এখানেই নফসের খুব সূক্ষ্ম একটা ধোঁকা আছে।

কারণ ইসলাম শুধু এই প্রশ্ন করে না যে, তুমি অন্যকে ক্ষতি করছ কি না। ইসলাম এই প্রশ্নও করে — তুমি নিজেকে কী বানাচ্ছ? তোমার অন্তরকে কোথায় নিয়ে যাচ্ছ? আল্লাহর সাথে তোমার সম্পর্ককে কী অবস্থায় নামিয়ে আনছ? এমন অনেক গুনাহ আছে, যার আঘাত প্রথমে অন্যের ওপর না পড়লেও নিজের অন্তরের ওপর পড়ে, ঈমানের ওপর পড়ে, লজ্জাবোধের ওপর পড়ে, তাওবার অনুভূতির ওপর পড়ে।

আল্লাহ তাআলা বলেন,
“বরং মানুষ নিজেই নিজের ব্যাপারে ভালো জানে, যদিও সে নানা অজুহাত পেশ করে।”
(সূরা আল-কিয়ামাহ, ১৪–১৫)

কী গভীর কথা। আমরা বাইরে যতই যুক্তি দাঁড় করাই না কেন, অন্তরের ভেতর আমরা জানি কোন কাজটা আল্লাহকে খুশি করছে আর কোনটা করছে না। আমরা জানি কোন জিনিসটা “ব্যক্তিগত পছন্দ” না, বরং “ব্যক্তিগত অবাধ্যতা”। আমরা জানি কোন স্ক্রলিং,

কোন সম্পর্ক, কোন দৃষ্টি, কোন অভ্যাস, কোন লুকানো কাজ — আল্লাহর ভয় কমিয়ে দিচ্ছে। কিন্তু নফস চায় না আমরা এটাকে গুনাহ হিসেবে দেখি। তাই সে একটা নরম বাক্য সামনে আনে: "আমি তো কারও ক্ষতি করছি না।"

কিন্তু গুনাহ কখনোই harmless না। গুনাহর সবচেয়ে বড় ক্ষতি হলো — তা ধীরে ধীরে অন্তরকে অসাড় করে দেয়। প্রথমে যে কাজটা করতে ভয় লাগত, পরে সেটাই স্বাভাবিক লাগে। প্রথমে যে কনটেন্ট দেখে অস্বস্তি হতো, পরে সেটাই routine হয়ে যায়। প্রথমে যে অবহেলায় অনুতাপ হতো, পরে আর সেটাও হয় না। এভাবেই অন্তরের sensitivity কমতে থাকে।

আল্লাহ তাআলা বলেন,
"কখনোই না, বরং তাদের কৃতকর্মই তাদের অন্তরে মরিচা ধরিয়েছে।"
(সূরা আল-মুতাফফিফীন, ১৪)

অর্থাৎ গুনাহ শুধু আমলনামায় লেখা কোনো সংখ্যা না; তা অন্তরের ভেতরেও দাগ ফেলে। বারবার অবাধ্যতা, বারবার অবহেলা, বারবার justification — সব মিলিয়ে হৃদয়ে মরিচা জমে। তখন সত্য শুনেও মন নড়ে না, নসিহা শুনেও চোখে পানি আসে না, কুরআন পড়েও হৃদয় কাঁপে না। তখন মানুষ ভাবে সমস্যা কিছুই হয়নি, অথচ সবচেয়ে বড় সমস্যাটা ভেতরেই হয়ে গেছে।

রাসূলুল্লাহ ﷺ বলেছেন, বান্দা যখন একটি গুনাহ করে, তখন তার অন্তরে একটি কালো দাগ পড়ে। যদি সে তাওবা করে, বিরত হয় এবং ক্ষমা চায়, তাহলে তার অন্তর পরিষ্কার করে দেওয়া হয়। আর যদি সে গুনাহ বাড়াতে থাকে, তাহলে দাগও বাড়তে থাকে।
(জামে তিরমিযী, ৩৩৩৪)

এই হাদিসটা আমাদেরকে বুঝিয়ে দেয়, গুনাহর ক্ষতি সবসময় চোখে দেখা যায় না, কিন্তু অন্তরে তা কাজ করতেই থাকে। তাই "আমি তো কারও ক্ষতি করছি না" — এটা আসলে নিরাপদ কথা না। কারণ আপনি হয়তো অন্যের ক্ষতি করছেন না, কিন্তু নিজের অন্তরকে

দুর্বল করছেন, নিজের ঈমানকে ক্ষতিগ্রস্ত করছেন, নিজের আখিরাতকে ঝুঁকির মুখে ফেলছেন।

আসলে একজন মুমিনের চিন্তা এমন হওয়া উচিত — এই কাজটা আল্লাহ পছন্দ করেন কি না? শুধু এটাই যথেষ্ট। কাজটা সমাজে খুব normal কি না, কাজটা private কি না, কাজটা অন্য কেউ জানে কি না — এগুলো secondary। মূল প্রশ্ন হলো, আল্লাহ জানেন কি না। আর তিনি তো অবশ্যই জানেন।

তাই নিজেকে আজ কিছু প্রশ্ন করা জরুরি। আমি যে কাজটাকে harmless ভাবছি, সেটা কি আমার নামাজের স্বাদ কমিয়ে দিচ্ছে না? সেটা কি আমার অন্তরের লজ্জা কমিয়ে দিচ্ছে না? সেটা কি আমাকে তাওবা পিছিয়ে দিতে শিখাচ্ছে না? সেটা কি আমাকে এমন এক অবস্থায় নিয়ে যাচ্ছে না, যেখানে গুনাহ আর গুনাহ মনে হয় না?

ফিরে আসার পথ এখনো বন্ধ হয়নি। আজই শুরু করা যায়। আজই একটি গোপন গুনাহ চিহ্নিত করা যায়। আজই একটি trigger কেটে দেওয়া যায়। আজই আল্লাহর কাছে বলা যায় — "ইয়া আল্লাহ, আমি নিজেকে ধোঁকা দিয়েছি। আমাকে মাফ করুন, আমাকে ফিরিয়ে নিন, আমার অন্তরকে পরিষ্কার করে দিন।" মুমিনের সৌন্দর্য এখানেই — সে অজুহাত লালন করে না, সে ফিরে আসার পথ খোঁজে।

আল্লাহ তাআলা আমাদের নফসের ধোঁকা থেকে হেফাজত করুন, গুনাহকে ছোট মনে করার রোগ থেকে বাঁচান, এবং আমাদের অন্তরকে তাওবা, লজ্জা ও তাকওয়ার আলোয় জীবিত রাখুন। আমিন।

কমেন্টে লিখতে পারেন: "ইয়া আল্লাহ, আমার অন্তরকে পরিষ্কার করে দিন।"

আগামী পর্ব ইন শা আল্লাহ:
নফসের অজুহাত | পর্ব ০৬ — "নিয়ত তো ভালো..."

অধ্যায় ৬ · NE-003

“নিয়ত তো ভালো”

নাফসের অজুহাত | পর্ব ০৬

“নিয়ত তো ভালো”

নাফসের একটা খুব পরিচিত অজুহাত হলো, “নিয়ত তো ভালো।” অনেকেই মনে করেন, অন্তর পরিষ্কার থাকলেই হলো; কাজটা পুরোপুরি ঠিক না হলেও সমস্যা নেই। কেউ বলে, “আমি তো খারাপ উদ্দেশ্যে করছি না।” কেউ বলে, “মানুষকে সাহায্য করার জন্য করছি।” কেউ বলে, “পরিবারের ভালোর জন্য করছি।” আবার কেউ হারাম, সন্দেহজনক বা শরীয়তবিরোধী কিছু কাজকে এভাবেই নিজের কাছে হালকা করে ফেলে।

কিন্তু ইসলামে শুধু ভালো নিয়তই যথেষ্ট নয়। নিয়ত ভালো হতে হবে, আর কাজটাও সঠিক হতে হবে। কারণ আল্লাহর কাছে কবুল হওয়ার জন্য আমলের ভেতরে ইখলাসও চাই, সুন্নাহ ও শরীয়তের অনুসরণও চাই। শুধু “আমি ভালো চেয়েছি” বললেই ভুল সঠিক হয়ে যায় না। কেউ যদি ভুল পথে হাঁটে, কিন্তু দাবি করে তার উদ্দেশ্য ভালো, তাহলে সেই ভালো উদ্দেশ্য তাকে ভুলের দায় থেকে মুক্ত করে না।

> **সম্পাদকীয় নোট:** এখানে বিশেষত ইবাদত ও শরঈ বিধানের প্রসঙ্গ বোঝানো হয়েছে—সৎ নিয়ত কোনো স্পষ্ট হারামকে হালাল করে না, আর ইবাদতে নিয়তের পাশাপাশি নববী নির্দেশনার অনুসরণও জরুরি।

قُلْ إِنَّمَا أَنَا بَشَرٌ مِّثْلُكُمْ يُوحَىٰ إِلَيَّ أَنَّمَا إِلَٰهُكُمْ إِلَٰهٌ وَاحِدٌ ۖ فَمَن كَانَ يَرْجُو لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهِ أَحَدًا

অর্থ: “যে তার রবের সাক্ষাৎ কামনা করে, সে যেন সৎকর্ম করে এবং তার রবের ইবাদতে কাউকে শরিক না করে।”
সূরা আল কাহফ, আয়াত ১১০

এখানে আল্লাহ তাআলা শুধু অন্তরের দাবিকে যথেষ্ট বলেননি; বলেছেন, সৎকর্ম করতে হবে। অর্থাৎ আমলটাও সহিহ হতে হবে। ইখলাস থাকবে, আবার আমলও শরীয়তসম্মত হবে। এ দুটির একটিও বাদ গেলে মানুষ আত্মপ্রবঞ্চনায় পড়ে যায়।

রাসূলুল্লাহ ﷺ বলেছেন,
“নিশ্চয়ই সব কাজ নিয়তের উপর নির্ভরশীল।”
সহিহ বুখারী, হাদিস ১; সহিহ মুসলিম, হাদিস ১৯০৭

এই হাদিস আমাদের শেখায়, নিয়ত খুব গুরুত্বপূর্ণ। কিন্তু এটিই পুরো কথা নয়। আরেক হাদিসে রাসূলুল্লাহ ﷺ বলেছেন,
“যে ব্যক্তি আমাদের এ দীনী বিষয়ের মধ্যে এমন কিছু সংযোজন করল যা এর অন্তর্ভুক্ত নয়, তা প্রত্যাখ্যাত।”
সহিহ বুখারী, হাদিস ২৬৯৭; সহিহ মুসলিম, হাদিস ১৭১৮

অর্থাৎ নিয়ত ভালো হলেই কোনো কাজ কবুল হবে না, যদি তা আল্লাহ ও তাঁর রাসূল ﷺ দেখানো পথের সঙ্গে না মেলে। খুব সহজভাবে বললে, ভালো নিয়ত খারাপ কাজকে ভালো বানায় না; বরং সহিহ নিয়ত এবং সহিহ আমল—দুটো মিলেই আল্লাহর নিকট গ্রহণযোগ্যতার পথ তৈরি করে।

